



সভাপতি সম্পাদক

জবি শিক্ষক সমিতি নির্বাচনে আলীগপন্থি নীল দলের জয়

■ জবি সংবাদদাতা
জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত নীল দল পূর্ণ প্যানেলে জয়লাভ করেছে। সভাপতি পদে জয়ী হয়েছেন নীল দলের প্রার্থী আইন অনুষদের ডিন অধ্যাপক ড. সরকার আলী আককাস। সাধারণ সম্পাদক পদে পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ড. পরিমল বালা। গতকাল বৃহস্পতিবার সকাল ৯টা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত ভোট গ্রহণ চলে। মোট ৪৯১ ভোটারের মধ্যে ৪১৯টি ভোট পড়ে। সভাপতি পদে অধ্যাপক ড. সরকার আলী আককাস ৩১৪ ভোট পেয়ে জয়ী হয়েছেন। সাধারণ সম্পাদক পদে অধ্যাপক ড. পরিমল বালা ২৭৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

১৫ সদস্যের কার্যনির্বাহী কমিটির নির্বাচিত অন্যরা হলেন- সহসভাপতি অধ্যাপক ড. সাইফুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আলী নূর, যুগ্ম সাধারণ সম্পাদক ড. আবুল কালাম মো. লুৎফর রহমান। কার্যনির্বাহী সদস্য পদে জয়ী শিক্ষকরা হলেন- অধ্যাপক ড. মো. জাকারিয়া মিয়া, অধ্যাপক ড. এ কে এম মনিরুজ্জামান, অধ্যাপক আশরাফ-উল-আলম, নাসির উদ্দিন আহমেদ, ড. মোজহারুল আলম সেলিম, জিএম আল-জামীন, মো. মহশীদ রেজা, মো. ফরিদ হোসেন, হাসান মফিজুর রহমান ও শেখ মশরিক হাসান।